



মালয়েশিয়ায় মির্জা আব্বাসের শারীরিক খোঁজ নিলেন মাসুদ সাইদী



মালয়েশিয়ায় হাসপাতালে মির্জা আব্বাসকে দেখতে গেলেন মাসুদ সাইদী। ছবি: সংগৃহীত

মালয়েশিয়ায় চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসকে হাসপাতালে গিয়ে দেখতে যান সংসদ সদস্য মাসুদ সাইদী। বুধবার রাতে পাঁচ দিনের সফরে মালয়েশিয়ায় পৌঁছানোর পর তিনি সরাসরি হাসপাতালে গিয়ে তার খোঁজ নেন।

সাক্ষাৎ শেষে তিনি জানান, মির্জা আব্বাসের শারীরিক অবস্থার আগের তুলনায় অনেক উন্নতি হয়েছে এবং তিনি এখন ধীরে ধীরে সুস্থতার পথে আছেন।

জানা গেছে, মালয়েশিয়ার ট্যুরিজম, আর্টস অ্যান্ড কালচার মন্ত্রণালয় এবং ইসলামিক ট্যুরিজম সেন্টারের আমন্ত্রণে তিনি এই সফরে যান। সফরের অংশ হিসেবেই তিনি হাসপাতালে গিয়ে তার শারীরিক অবস্থার খোঁজ নেন।

এর আগে উন্নত চিকিৎসার জন্য গত ১৩ এপ্রিল সিঙ্গাপুর থেকে মির্জা আব্বাসকে মালয়েশিয়ায় নেওয়া হয়। বর্তমানে তিনি চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন।

ব্যক্তিগত ও পারিবারিক সম্পর্কের কথা উল্লেখ করে তিনি জানান, রাজনৈতিক পরিচয়ের অনেক আগ থেকেই তাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।

তিনি মির্জা আব্বাসের দ্রুত সুস্থতা কামনা করে দোয়া করেন।